# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র** বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট **রচনামূলক প্রশ্ন** পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যে কোনো একটি বিষয় অনুচ্ছেদ লেখ :** ১ × ১০ = ১০

(ক) ছিটমহল বিনিময়;

(খ) মোবাইল ব্যাংকিং;

**২. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :** ১০

(ক) এস.এস.সি. পরীক্ষা পাশের পরে তুমি বৃত্তিমূলক শিক্ষা গ্রহণ করতে চাও। তোমার এ ইচ্ছার পক্ষে যুক্তি দেখিয়ে তোমার বন্ধুর কাছে একটি চিঠি লেখ।

(খ) তোমার বিদ্যালয়ের একজন শিক্ষকের অবসর গ্রহণ উপলক্ষে একটি মানপত্র রচনা কর।

**৩. সারাংশ/সারমর্ম লেখ :** (যেকোন একটি) ১০

(ক) প্রকৃত জ্ঞানের স্পৃহা না থাকলে শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষায় পাসটাই বড় হয় এবং পাঠ্যপুস্তকের পৃষ্ঠায় জ্ঞান সীমাবদ্ধ থাকে। এই কারণেই পরীক্ষায় পাস করা লোকের অভাব নেই আমাদের দেশে, কিন্তু অভাব আছে জ্ঞানের। যেখানেই পরীক্ষা পাসের মোহ তরুণ ছাত্র-ছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, সেখানেই জ্ঞান নির্বাসিত জীবনযাপন করে। একটি স্বাধীন জাতি হিসেবে জগতের বুকে অক্ষয় আসন লাভ করতে হলে জ্ঞানের প্রতি তরুণ সমাজকে অনুপ্রাণিত করতে হবে। সহজ লাভ আপাতত সুখের হলেও পরিণামে কল্যাণ বহন করে না। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলেও তরুণ সমাজের সামনে কখনো জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

(খ) স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে,
সুখের আলো জ্বলে বুকে দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি খোদার সুধা দান।
স্পর্শে তাহার নেচে ওঠে শূন্য দেহে প্রাণ।
মনুষ্যত্বের বান ডেকে যায় যাহার হৃদয় তলে,
বুক ফুলিয়ে দাঁড়ায় ভীরু স্বাধীনতার বলে।

Teachingbd.com

**৪. যে কোনো একটি ভাব-সম্প্রসারণ করো :** ১ × ১০ = ১০

(ক) স্পষ্টভাষী শত্রু নির্বাক মিত্র অপেক্ষা ভালো।

(খ) রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

**৫. যে কোন একটি বিষয়ে প্রতিবেদন লেখ :** ১০

(ক) পত্রিকার সাংবাদিক হিসেবে 'সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার' শিরোনামে একটি প্রতিবেদন তৈরি কর।

(খ) পদ্মা সেতু নির্মাণ কাজের স্থান পরিদর্শন করে একটি প্রতিবেদন প্রস্তুত কর।

**৬. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :** ১ × ২০ = ২০

(ক) চিকিৎসাশাস্ত্রে বিজ্ঞানের অবদান;

(খ) মুক্তিযুদ্ধের চেতনা;

(গ) দেশগঠনে নারী সামজের ভূমিকা।

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ০ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কীসের ভেদে ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে?**
ক) দেশ ও কালভেদে
খ) দেশ, কাল ও ব্যক্তিভেদে
গ) কাল, পরিবেশ ও ব্যক্তিভেদে
ঘ) দেশ, কাল ও পরিবেশভেদে

**২. বাংলা বর্ণমালায় হ্রস্বস্বর ও দীর্ঘস্বর থাকলেও উচ্চারণের পার্থক্যের জন্যে—**
ক) অর্থের তারতম্য ঘটে
খ) অর্থ বোধগম্য হয় না
গ) অর্থের তারতম্য ঘটে না
ঘ) অর্থ সম্পূর্ণ বদলে যায়

**৩. ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক) নবীনা    খ) মালিকা
গ) কনিষ্ঠা    ঘ) বালিকা

**৪. কোনটি সঠিক বহুবচনবোধক শব্দের উদাহরণ?**
ক) মাতৃকুল    খ) জলরাজি
গ) মনুষ্যযূথ    ঘ) পক্ষীবৃন্দ

**৫. 'গররাজি' শব্দটিতে 'গর্' উপসর্গটি কীরূপ উপসর্গ?**
ক) ফারসি    খ) আরবি
গ) ইংরেজি    ঘ) হিন্দি

**৬. 'ভেদ' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
ক) √ভদ+ঘঞ্    খ) √ভদ্+ঘঞ্
গ) √ভেদ+ঘঞ্    ঘ) √ভিদ+ঘ

**৭. আকস্মিকতা অর্থে কোন বাক্যে যৌগিক ক্রিয়ার ব্যবহার হয়েছে?**
ক) এখন যেতে পার    খ) তিনি বলতে লাগলেন
গ) সাইরেন বেজে উঠল    ঘ) ঘটনাটা শুনে রাখ

**৮. বিধেয় বিশেষণ বিশেষ্যের পরে বসেছে কোন বাক্যে?**
ক) ঘরের ছেলে ঘরে ফিরে এসেছে
খ) না চাইতে দানের মর্যাদা নেই
গ) লোকটি যে জ্ঞানী তাতে সন্দেহ নেই
ঘ) লোকটি ব্যবহারে খুবই ভদ্র

**৯. 'এসপার ওসপার' বাগধারাটি কী অর্থ প্রকাশক?**
ক) মীমাংসা    খ) সম্পূর্ণ
গ) সর্বনাশ    ঘ) অনিষ্টে ইষ্ট লাভ

**১০. 'লুঙ্গি' কোন ভাষার শব্দ?**
ক) মিয়ানমার    খ) বাংলা
গ) তুর্কি    ঘ) জাপানি

**১১. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?**
ক) সংস্কৃত    খ) পরিচ্ছদ
গ) পরিষ্কার    ঘ) বৃহস্পতি

**১২. 'আসামিকে জরিমানা করা হয়েছে'।— কোন বাচ্যের উদাহরণ?**
ক) কর্তৃবাচ্যের    খ) কর্মকর্তৃবাচ্যের
গ) ভাববাচ্যের    ঘ) কর্মবাচ্যের

**১৩. ত-প্রত্যয়ান্ত অব্যয় ব্যবহার হয়নি কোন বাক্যে?**
ক) ধর্মত বলছি।
খ) স্বরচিত বাক্যে উদাহরণ দাও।
গ) জ্ঞানত মিথ্যা বলিনি।
ঘ) অন্তত তোমার যাওয়া উচিত।

**১৪. কোনটি মিশ্র শব্দ নয়?**
ক) পকেটমার    খ) চৌ-হদ্দী
গ) হেড-মাস্টার    ঘ) খ্রিষ্টাব্দ

**১৫. 'পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির' কোন অর্থে দ্বিরুক্তি?**
ক) ভাবের গভীরতা    খ) ধ্বনি ব্যঞ্জনা
গ) সামান্যতা    ঘ) বিশেষণ বোঝাতে

**১৬. হামিদ বলল, "তোমরা আগামীকাল এসো" পরোক্ত উক্তিতে কী হবে?**
ক) হামিদ তাদের পরদিন আসতে বলল।
খ) হামিদ তাদের বলল যে তারা যেন আগামীকাল আসে।
গ) হামিদ বলল যে তোমরা পরদিন এসো।
ঘ) হামিদ তাদের বলল যে তারা যেন পরদিন আসে।

**১৭. বেত্তা অর্থে 'ষ্ণিক' প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?**
ক) সামুদ্রিক    খ) মাসিক
গ) বৈদিক    ঘ) হৈমন্তিক

**১৮. ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় কী কী?**
ক) বাক্য গঠন ও উচ্চারণ
খ) সন্ধি, উপসর্গ ও প্রত্যয়
গ) বচন, বর্ণ ও বর্ণের উচ্চারণ
ঘ) সন্ধি, ণত্ব ও ষত্ব বিধান

**১৯. পদাশ্রিত নির্দেশকের বিভিন্নতা হয় কীসের ভেদে?**
ক) বচন    খ) অর্থ
গ) ক্রিয়া    ঘ) বাক্য

**২০. নিচের কোনটি ইচ্ছাসূচক বাক্য?**
ক) দেশের স্বাধীনতা রক্ষার জন্য যুদ্ধ কর।
খ) দীর্ঘজীবী হও।
গ) বেশ বেশ, খুব ভালো হয়েছে।
ঘ) আমি বলতে চাই না।

**২১. রক্ষণ, রক্ষিত, রক্ষী সাধিত শব্দগুলি কোন ধাতু থেকে সৃষ্ট?**
ক) ক্রী    খ) হস্
গ) শ্রু    ঘ) রক্ষ

**২২. কোনটি অসমীকরণের উদাহরণ?**
ক) টপ+টপ > টপাটপ    খ) কাঁদনা > কান্না
গ) শুনিয়া > শুনে    ঘ) বদ্ + জাত > বজ্জাত

**২৩. কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তার নাম কী?**
ক) অলুক তৎপুরুষ    খ) উপপদ তৎপুরুষ
গ) নঞ তৎপুরুষ    ঘ) ষষ্ঠী তৎপুরুষ

Teachingbd.com

http://teachingbd.com

২৪. 'জ্যাঠামি করোনা।' বাক্যটিতে জ্যাঠামি শব্দটি ব্যবহৃত হয়েছে—
ক শব্দের অর্থ সংকোচে।
খ শব্দের অর্থান্তর প্রাপ্তিতে।
গ শব্দের অধোগতি বোঝাতে।
ঘ শব্দের উৎকর্ষ প্রাপ্তিতে।

২৫. আধুনিক নিয়মে সম্বোধনস্থলে কোন যতিচিহ্ন ব্যবহৃত হয়?
ক কমা  খ বিস্ময়
গ কোলন  ঘ হাইফেন

২৬. স্বভাবতই 'ণ' হয়েছে কোন শব্দটিতে?
ক ঋণ  খ ভণিতা
গ তৃণ  ঘ অর্পণ

২৭. বাক্যমধ্যস্থ কর্মপদের অনুসারী ক্রিয়ার ধাতু—
ক নাম ধাতু  খ প্রযোজক ধাতু
গ কর্মবাচ্যের ধাতু  ঘ সংস্কৃত ধাতু

২৮. হিন্দি নিয়মে সাধিত তারিখ বাচক শব্দ কোনটি?
ক দশই  খ তেইশে
গ একুশে  ঘ চৌঠা

২৯. 'দুষ্কৃত' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?
ক সুকৃত  খ খাতক
গ অপকর্ষ  ঘ সুশীল

৩০. কোন গুচ্ছটি ভাববাচ্য বিশেষ্যের অন্তর্ভুক্ত?
ক গমন, দর্শন, তারল্য  খ সৌরভ, সুখ, দর্শন
গ ভোজন, গমন, দর্শন
ঘ শয়ন, স্বাস্থ্য, মধুরতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd.com